

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১০২৭১

তারিখ: ০২/০৩/২০২৩ ইং

**বিষয়: একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য ID Card প্রসঙ্গে।**

একাদশ শ্রেণির প্রত্যেক শিক্ষার্থীকে ID Card প্রদানের উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য হালনাগাদ করার উদ্যোগ নেয়া হয়েছে, যাতে সকল তথ্যাবলী নির্ভুল হয়। আগামী ১৯/০৩/২০২৩ রোজ রবিবার এর মধ্যে ওয়েবসাইটের মাধ্যমে এই কর্ম সম্পাদন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

### কর্ম পদ্ধতিঃ-

#### ১. ওয়েবসাইটে লগ ইন এর পূর্বে:

- ১। শিক্ষার্থীর উদয়নের ইউনিফর্ম পরিহিত ছবি, পিতা,মাতার পাসপোর্ট সাইজের ছবি কম্পিউটারে/ডিভাইসে স্ক্যান করা থাকতে হবে।
- ২। পিতার ও মাতার এনআইডি সহ প্রয়োজনীয় তথ্য হাতের কাছে রাখতে হবে।
- ৩। উদয়নে রেজিস্টার্ড মোবাইল নম্বরযুক্ত মোবাইল সেটটি সাথে রাখতে হবে।
- ৪। শিক্ষার্থীর রক্তের গ্রুপ জানা থাকতে হবে।

#### ২. ওয়েবসাইটে লগ ইন এর পদ্ধতি :

উদয়নের ওয়েবসাইটের হোম পেজের নিচের অংশে Student Login লিংকে ক্লিক করে Student ID, EIIN/College Code (1906) দিয়ে লগ ইন করতে হবে।

#### ৩. ওয়েবসাইটে লগ ইন এর পর

- ১। বামপাশের Profile মেনুতে (Result মেনুর নিচে) ক্লিক করতে হবে।
- ২। Send OTP কমান্ড বাটনে ক্লিক করতে হবে।
- ৩। রেজিস্টার্ড মোবাইলে OTP নাম্বার যাবে।
- ৪। OTP নাম্বারটি ইনপুট দিতে হবে।
- ৫। তথ্য হালনাগাদ করার জন্য Edit অপশনটি ক্লিক করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। তাহলেই শিক্ষার্থী তার নিজের সকল তথ্য হালনাগাদ করতে পারবে।

### সতর্কতা ও করণীয় :

- ১। বানান ভুলঃ বানান যাতে ভুল না হয় সেক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। Uppercase, Lowercase সম্পর্কিত সমস্যাগুলো যাতে না হয় সেদিকেও দৃষ্টি রাখতে হবে।
- ২। স্যালুটেশন ভুলঃ নামের পূর্বে বিভিন্ন স্যালুটেশন যেমন মিস্টার,মিস ,মিসেস,ডক্টর,ডাঃ,হাজী,প্রফেসর ইত্যাদি বর্জন করতে হবে। অর্থাৎ বাবা-মার নাম NID (জাতীয় পরিচয়পত্র) অনুসারে হতে হবে।
- ৩। প্রদত্ত তথ্য দিয়ে ছাত্র বা ছাত্রীর আইডি কার্ডসহ প্রতিষ্ঠানিক অনেক কাজ সম্পন্ন করা হবে। তথ্যাবলী ভুল হলে আইডি কার্ড ভুল হওয়া সহ সকল কাজে জটিলতা তৈরি হবে। কাজেই শিক্ষার্থীদেরকে পুনরায় সর্বোচ্চ সতর্কতা সহ তথ্য প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলো।
- ৪। সর্বোচ্চ দুইবার OTP ব্যবহার করে সঠিক তথ্য পূরণ করা যাবে।
- ৫। উক্ত সময়সীমার মধ্যেই কাজটি সম্পন্ন করতে হবে।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ